# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | খুলনা | 17 July, 2025

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার বাবরা গ্রামে ষোল বছরের এক কিশোরকে নিয়ে পালিয়েছেন তিন সন্তানের জননী ৪০ বছর বয়সী এক গৃহবধূ।ওই গৃহবধু বাবরা গ্রামের বাসিন্দা মান্নান মিস্ত্রীর স্ত্রী তাসলিমা বেগম।আর কিশোর একই গ্রামের টোটল মিয়ার ছেলে মেহেদী হাসান।

স্থানীয় সূত্রে জানা গেছে, ওই গৃহবধূ প্রতিবেশী এক কিশোরের সঙ্গে পালিয়েছেন। ওই কিশোর একই গ্রামের বাসিন্দা এবং বয়সে গৃহবধূর সন্তানের মতো।ছোটবেলা থেকে নানাবাড়িতে বড় হলেও তার স্থায়ী ঠিকানা বাবরা গ্রামেই।দীর্ঘদিনের পারিবারিক পরিচয় থেকে দুজনের মধ্যে ঘনিষ্ঠতা গড়ে ওঠে, যা একপর্যায়ে পরকীয়ায় রূপ নেয়।

গৃহবধূর স্বামী মান্নান মিস্ত্রী বলেন, ১১ জুলাই রাতে আমি তাদের পাশের একটি পরিত্যক্ত ভবনে আপত্তিকর অবস্থায় দেখি।তখন চুপ ছিলাম, ভাবছিলাম হয়তো বিষয়টি সামলে নিতে পারব।কিন্তু সকালে দেখি, স্ত্রীকে নিয়ে ওই কিশোর পালিয়ে গেছে।এখন আমার ছোট ছেলে না খেয়ে কাঁদছে।আমি এ ঘটনার সুষ্ঠু বিচার চাই।

ঘটনার পর কিশোরের বাবা টোটন মণ্ডলের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, ছেলের সঙ্গে কোনো যোগাযোগ করা সম্ভব হয়নি।তার মোবাইল ফোন বন্ধ পাওয়া যাচ্ছে।

এ ঘটনায় এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।দীর্ঘ ২২ বছরের সংসার জীবনের পর এমন ঘটনায় অনেকেই হতবাক হয়ে গেছেন।এলাকাবাসী দ্রুত তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন প্রশাসনের কাছে।

কিশোর গৃহবধূ

© 2025 TimesToday. All Rights Reserved.